

# বিএনজিপির সংযুক্ত আরব আমিরাত কমিটি গঠন

আবুধাবী- বাংলাদেশের অস্থিতিশীল রাজনীতি ও পরিবারতন্ত্রের অবসানের লক্ষ্যে এবার বাংলাদেশ নিউ জেনারেশন পার্টি-বিএনজিপি কমিটি গঠন করলো সংযুক্ত আরব আমিরাতে।

মঙ্গলবার বিকেলে আবুধাবীর বাংলা রেডুইনেটে আয়োজিত এক সাধারণ সভায় এ কমিটি ঘোষণা করা হয়।

কমিটিতে সাবেক ছাত্রনেতা মোস্তাফিজ টিপুকে আহ্বায়ক মনোনীত করে ৯ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

অন্যান্যের মধ্যে কমিটিতে যুগ্ম আহ্বায়ক মো: হোসেন।

সদস্য সচিব করা হয় আবু সালেহকে।

এছাড়া সদস্য মনোনীত করা হয় এ এস এম সাইম, মোহাগ হোসেন, জমিদ উদ্দিন, মো রোহান, আবু সাইদ, কাউসার ইসলামকে।

নবগঠিত কমিটি আগামী এক মাসের মধ্যে সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন প্রতিল্লের প্রতিনিধি সমন্বয়ে পূর্ণাঙ্গ শক্তিশালী কমিটি গঠন করবে বলে প্রতিশ্রুতি ব্যক্ত করে।

বুধবার বিএনজিপির ঢাকার হেড অফিসে কেন্দ্রীয় সভাপতি আহিদ ইকবাল ও সাধারণ সম্পাদক শওকত ওয়াসীক এ কমিটি অনুমোদন করেন।

সম্পাদনা: জেআই, নিউজরুম এডিটর